দৈনিক ইত্তেফাক

তারিখ ... 05 JAN 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৭ ...

02

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

## ফেব্রুয়ারীতে এসএসসি প্রোগ্রামে ভর্তি

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের এসএসসি প্রোগ্রামে আগামী মাসের প্রথম হইতে ভর্তি শুরু হইতেছে। আগ্রহী শিক্ষার্থীদেরকে তাহাদের নিকটস্থ বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের

( শেষ পৃঃ ২-এর কঃ দ্রঃ )

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

( ১ম পৃঃ পর )

নির্ধারিত টিউটোরিয়াল কেন্দ্র (মাধ্যমিক বিশ্ববিদ্যালয়) হইতে আবেদনপত্র সংগ্রহ করিতে হইবে। আবেদনপত্র ১০ হইতে ৩১শে জানুয়ারী পর্যন্ত দেওয়া হইবে। উন্মুক্ত বিশ্ববিদ্যালয় নির্বাচিত দেশের ৪৬০টি কেন্দ্রে শিক্ষার্থীদের ভর্তি করা হইবে। প্রার্থী তাহার

(২য় পৃঃ ৩-এর কঃ দ্রঃ)

## উন্মুক্ত বিশ্ববিদ্যালয়

(শেষ পৃঃ পর)

নির্বাচিত টিউটোরিয়াল কেন্দ্রে ১লা হইতে ১৫ই ফেব্রুয়ারী পর্যন্ত ভর্তি হইতে পারিবে; দুই বছর মেয়াদী এই এসএসসি প্রোগ্রামে ১০টি বিষয় থাকিবে। একজন শিক্ষার্থী এক বছরে সর্বোচ্চ ৫টি এবং সর্বনিম্ন ৩টি বিষয় নিতে পারিবে। কোন বিষয়ে কোন শিক্ষার্থী অকৃতকার্য হইলে পরবর্তীতে তাহাকে শুধু ঐ বিষয়ই পরীক্ষা দিতে হইবে। অষ্টম শ্রেণী পাস ১৪ বছর হইতে যে কোন বয়সের প্রার্থী এই প্রোগ্রামে ভর্তি হইতে পারিবে। —প্রেস বিজ্ঞপ্তি